

খুবির জীববিজ্ঞান স্কুলের শিক্ষার্থীদের অনশন শুরু

খুলনা অফিস

খুলনা বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান ডিসিপ্রিনের ৭টি স্কুলের টার্ম ফাইনাল পরীক্ষা গ্রহণের দাবিতে শিক্ষার্থীরা রোববার দুপুর থেকে আমরণ অনশন শুরু করেছে। এর আগে বুধবার শিক্ষার্থীরা সবেদা সম্মেলন করে রোববার ১টার মধ্যে পরীক্ষা গ্রহণের তারিখ ঘোষণার সময় বেঁধে দিয়েছিলেন। এ সময়ের মধ্যে কর্তৃপক্ষ উক্ত ঘোষণা না করায় তারা আমরণ অনশন শুরু করেছেন।

**টার্ম ফাইনাল
পরীক্ষা
গ্রহণের দাবি**

খুলনা বিশ্ববিদ্যালয়ের ডিসি প্রফেসর ড. মোহাম্মদ ফাতেক উজ্জ্বল জানান, রোববার অনুরোধ করা সত্ত্বেও জীববিজ্ঞান ডিসিপ্রিনের শিক্ষকদের একাংশ পরীক্ষা গ্রহণে রাজি না হওয়া জত্যয় দুর্ভাগ্যজনক। ডিন নিয়োগের বিষয়টি আদালতের বিচার্যধীন রয়েছে। তারপরও শিক্ষকরা একাডেমিক কার্যক্রমে অংশ না নেওয়া শিক্ষার্থীরা অসন্তুষ্ট হচ্ছে।

উল্লেখ্য, ড. সমীর কুমার সাধুকে ডিন নিয়োগ করায় জীববিজ্ঞান ডিসিপ্রিনের শিক্ষকদের একাংশ বিরোধিতা করে একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমে অসহযোগিতা করে আসছেন। এ কারণে পরীক্ষা গ্রহণ করা হচ্ছে না।